# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ১ম বর্ষের পরীক্ষার তারিখ পরিবর্তন

**অনলাইন ডেস্ক**

প্রকাশ: ২১ জুলাই, ২০২৬ ০৮:৩৩



জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৫ সালের অনার্স প্রথম বর্ষের পরীক্ষার তারিখ অনিবার্য কারণবশত পরিবর্তন করা হয়েছে। আগামী ২৭ জুলাই অনুষ্ঠিতব্য পরীক্ষাটি ২৮ জুলাই হবে।

পরিবর্তিত তারিখের পরীক্ষাটি ২১১৫২১ এবং ২১১৫০১ পত্রকোডের জন্য প্রযোজ্য।

সোমবার (২০ জুলাই) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

পরীক্ষার পূর্বঘোষিত কেন্দ্র ও সময়সূচিসহ অন্যান্য সব শর্তাবলি অপরিবর্তিত থাকবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইটে (www.nu.ac.bd) পাওয়া যাবে।